শেখ হাসিনার মমতা
বয়স্কদের জন্য নিয়মিত ভাতা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজসেবা অধিদপ্তর
সামাজিক নিরাপত্তা শাখা
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।
www.dss.gov.bd

স্মারক নম্বর: ৪১.০১.০০০০.০৪৯.১৪.০১০.২০. ৫৩৮

তারিখ : ১২ আষাঢ় ১৪৩০
২৬ জুন ২০২৩

বিষয়: সমাজসেবা অধিদপ্তর পরিচালিত সামাজিক নিরাপত্তা কর্মসূচি'র উপকারভোগীর লাইভ ভেরিফিকেশন।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সরকারের সামাজিক নিরাপত্তা কর্মসূচি'র আওতাধীন বয়স্কভাতা, বিধবা ও স্বামী নিগৃহিতা মহিলা ভাতা, প্রতিবন্ধী ভাতা এবং প্রতিবন্ধী শিক্ষার্থীদের জন্য শিক্ষা উপবৃত্তি কর্মসূচি, হিজড়া, বেদে, অনগ্রসর জনগোষ্ঠী (বিশেষ ভাতা, শিক্ষা উপবৃত্তি) এবং চা শ্রমিকদের জীবনমান উন্নয়ন (এককালীন অনুদান) কর্মসূচি'র সুবিধাভোগীদের দোরগোড়ায় ভাতার অর্থ পৌঁছানোর লক্ষ্যে ২০২০-২১ অর্থবছরের ২য় কিস্তি হতে G2P পদ্ধতিতে বিতরণ করা হচ্ছে।

২. মোবাইল আর্থিক প্রতিষ্ঠান 'নগদ' ও 'বিকাশ' এবং এজেন্ট ব্যাংকিং এর মাধ্যমে বয়স্কভাতাসহ অন্যান্য ভাতার অর্থ পরিশোধের ক্ষেত্রে যথাসময়ে তথ্য না পাওয়ায় উপকারভোগীর মৃত্যুর পরেও তার হিসাবে টাকা ছাড় হতে পারে।

৩. বিধবা ও স্বামী নিগৃহিতা মহিলা ভাতা কর্মসূচির কোন উপকারভোগী পুনঃবিবাহ বন্ধনে আবদ্ধ হলে তার তথ্যও যথাসময়ে পাওয়া যায় না।

৪. সামাজিক নিরাপত্তা কর্মসূচি'র আওতাধীন মৃত ভাতাভোগী এবং পুনঃবিবাহ বন্ধনে আবদ্ধ বিধবা উপকারভোগীর হিসাব নম্বরে টাকা ছাড় হচ্ছে মর্মে **সামাজিক নিরাপত্তা অডিট অধিদপ্তর** কর্তৃক অবহিত করা হয়েছে।

৫. মোবাইল হিসাব নম্বর নিষ্ক্রিয় বা সঠিক না হওয়া কিংবা PIN Code অন্য ব্যক্তির জেনে যাওয়ার কারণেও কোন কোন ভাতাভোগী তাদের ভাতা হতে বঞ্চিত হচ্ছেন।

৬. বর্ণিতাবস্থায়, তাঁর আওতাধীন সকল উপজেলা/শহর সমাজসেবা কার্যালয়কে ২০২৩-২৪ অর্থবছরের ১ম কিস্তির পে-রোল প্রেরণের পূর্বেই অর্থাৎ আগামী ৩১ আগস্ট'২৩ এর মধ্যেই ইউনিয়ন/ পৌরসভা/সিটি কর্পোরেশনের ওয়ার্ডভিত্তিক উপকারভোগীর স্বশরীরে উপস্থিতির মাধ্যমে লাইভ ভেরিফিকেশন এবং ভেরিফিকেশনে প্রাপ্ত মৃত উপকারভোগী ও পুনঃবিবাহের কারণে বাদ পড়া বিধবা উপকারভোগীর পরিবর্তে নীতিমালা মোতাবেক প্রতিস্থাপনসহ যৌক্তিকতা বিবেচনায় মোবাইল হিসাব নম্বর এর সঠিকতা নিশ্চিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

**বিষয়টি অতীব জরুরি।**

২৬/০৬/২০২৩
(ড. মোঃ মোক্তার হোসেন)
পরিচালক
সামাজিক নিরাপত্তা
ফোন: ০২-৪৪৮২৬৮০১

পরিচালক
বিভাগীয় সমাজসেবা কার্যালয় (সকল)
....................................

অনুলিপি: জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. মহাপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা
২. জেলা প্রশাসক (সকল), ...........................................................।
২. মাননীয় মন্ত্রী'র একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩. মাননীয় প্রতিমন্ত্রী'র একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪. মাননীয় প্রধানমন্ত্রীর এসডিজি বিষয়ক মুখ্য সমন্বয়কের একান্ত সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা (মুখ্য সমন্বয়ক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫. সচিবের একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৬. উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয় (সকল), ....................................
৭. চেয়ারম্যান, উপজেলা পরিষদ (সকল), ..............................................
৮. উপজেলা নির্বাহী অফিসার (সকল), ..............................................
৯. উপজেলা/ শহর সমাজসেবা অফিসার, (সকল), ......................................

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমাজসেবা কার্যালয়
রাউজান, চট্টগ্রাম

স্মারকঃ ৪১.০১.১৫৭৪.০০০.০৩৯.১৭.২৩. ১৩০ তারিখঃ ১৮ জুলাই ২০২৩ খ্রি.

বিষয়ঃ সমাজসেবা অধিদফতর পরিচালিত সামাজিক নিরাপত্তা কর্মসূচি'র উপকারভোগীদের লাইভ ভেরিফিকেশন প্রসঙ্গে।

সূত্র স্মারকঃ ৪১.০১.০০০০.০৪৯.০১.০১০.২০.৫৩৮ তাংঃ ২৬ জুন ২০২৩ খ্রি.

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সরকারের সামাজিক নিরাপত্তা কর্মসূচি'র আওতাধীন বয়স্কভাতা, বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতা, প্রতিবন্ধী ভাতা চলমান রয়েছে। ২০২০-২১ অর্থবছরের MIS এন্ট্রির পর উপকারভোগীদের বর্তমান অবস্থা আর যাচাই করা হয়নি, যার দরুন উপকারভোগীর বর্তমান প্রকৃত অবস্থা যাচাই করার আবশ্যকতা দেখা দিয়েছে। এমতাবস্থায় উপজেলা সমাজসেবা কার্যালয়, রাউজান, চট্টগ্রাম কর্তৃক উপকারভোগীর লাইভ ভেরিফিকেশন তথা উপকারভোগী মৃত/জীবিত তা যাচাই করা হবে। এরই প্রেক্ষিতে আপনার আওতাধীন সকল উপকারভোগীদের নিম্নোক্ত সময়সূচি মোতাবেক নির্ধারিত স্থানে উপস্থিত থেকে লাইভ ভেরিফিকেশন নিশ্চিতকরণের বিষয়টি অবগত করার জন্য ও সেই সাথে উক্ত কার্যক্রম সফল বাস্তবায়নে সার্বিক সহযোগিতা প্রদানের জন্য আপনাকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

**সময়সূচি**

| ক্রম নং | ইউনিয়নের নাম | ভেরিফিকেশনের তারিখ | স্থান | সময় | নির্ধারিত উপকারভোগীর সংখ্যা |
|---|---|---|---|---|---|
| ১ | গহিরা | ২৬/০৭/২০২৩ | গহিরা ইউনিয়ন পরিষদ | ০৯.০০টা-৫.০০টা | ১-৯ ওয়ার্ড (সকল ভাতা) |
| ২ | রাউজান পৌরসভা | ২৯/০৭/২০২৩ | রাউজান কলেজ মাঠ | ১০.০০টা-৪.০০টা | ৪-৬ ওয়ার্ড (সকল ভাতা) |
| | | ৩০/০৭/২০২৩ | গহিরা হাই স্কুল | ১০.০০টা-৪.০০টা | ১-৩ ওয়ার্ড (সকল ভাতা) |
| | | ৩১/০৭/২০২৩ | সুরেশ বিদ্যায়তন | ১০.০০টা-৪.০০টা | ৭-৯ ওয়ার্ড (সকল ভাতা) |
| ৩ | হলদিয়া | ০২/০৮/২০২৩ | হলদিয়া ইউনিয়ন পরিষদ | ০৯.০০টা-৫.০০টা | ১-৯ ওয়ার্ড (সকল ভাতা) |
| ৪ | ডাবুয়া | ০৬/০৮/২০২৩ | ডাবুয়া ইউনিয়ন পরিষদ | ০৯.০০টা-৫.০০টা | ১-৯ ওয়ার্ড (সকল ভাতা) |
| ৫ | চিকদাইর | ০৮/০৮/২০২৩ | চিকদাইর ইউনিয়ন পরিষদ | ০৯.০০টা-৫.০০টা | ১-৯ ওয়ার্ড (সকল ভাতা) |
| ৬ | নোয়াজিষপুর | ১০/০৮/২০২৩ | নোয়াজিষপুর ইউনিয়ন পরিষদ | ০৯.০০টা-৫.০০টা | ১-৯ ওয়ার্ড (সকল ভাতা) |
| ৭ | রাউজান | ১৩/০৮/২০২৩ | রাউজান ইউনিয়ন পরিষদ | ০৯.০০টা-৫.০০টা | ১-৯ ওয়ার্ড (সকল ভাতা) |
| ৮ | পাহাড়তলী | ১৪/০৮/২০২৩ | পাহাড়তলী ইউনিয়ন পরিষদ | ০৯.০০টা-৫.০০টা | ১-৯ ওয়ার্ড (সকল ভাতা) |
| ৯ | কদলপুর | ১৬/০৮/২০২৩ | কদলপুর ইউনিয়ন পরিষদ | ০৯.০০টা-৫.০০টা | ১-৯ ওয়ার্ড (সকল ভাতা) |
| ১০ | বাগোয়ান | ২০/০৮/২০২৩ | বাগোয়ান ইউনিয়ন পরিষদ | ০৯.০০টা-৫.০০টা | ১-৯ ওয়ার্ড (সকল ভাতা) |
| ১১ | উরকিরচর | ২২/০৯/২০২৩ | উরকিরচর ইউনিয়ন পরিষদ | ০৯.০০টা-৫.০০টা | ১-৯ ওয়ার্ড (সকল ভাতা) |
| ১২ | নোয়াপাড়া | ২৪/০৯/২০২৩ | নোয়াপাড়া ইউনিয়ন পরিষদ | ০৯.০০টা-৫.০০টা | ১-৯ ওয়ার্ড (সকল ভাতা) |
| ১৩ | পূর্ব গুজরা | ২৭/০৯/২০২৩ | পূর্ব গুজরা ইউনিয়ন পরিষদ | ০৯.০০টা-৫.০০টা | ১-৯ ওয়ার্ড (সকল ভাতা) |
| ১৪ | পশ্চিম গুজরা | ২৯/০৯/২০২৩ | পশ্চিম গুজরা ইউনিয়ন পরিষদ | ০৯.০০টা-৫.০০টা | ১-৯ ওয়ার্ড (সকল ভাতা) |
| ১৫ | বিনাজুরী | ৩১/০৯/২০২৩ | বিনাজুরী ইউনিয়ন পরিষদ | ০৯.০০টা-৫.০০টা | ১-৯ ওয়ার্ড (সকল ভাতা) |

সংযুক্তঃ
১) সমাজসেবা অধিদফতর কর্তৃক প্রেরিত চিঠি।

১৮/০৭/২০২৩
(মোঃ মনির হোছাইন)
উপজেলা সমাজসেবা অফিসার
রাউজান, চট্টগ্রাম

মেয়র/চেয়ারম্যান
.....................পৌরসভা/ইউনিয়ন পরিষদ

সদয় জ্ঞাতার্থে অনুলিপিঃ

স্মারকঃ ৪১.০১.১৫৭৪.০০০.০৩৯.১৭.২৩. ১৩০ তারিখঃ ১৮ জুলাই ২০২৩ খ্রি.
সূত্র স্মারকঃ ৪১.০১.০০০০.০৪৯.০১.০১০.২০.৫৩৮ তাংঃ ২৬ জুন ২০২৩ খ্রি.

১) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাউজান, চট্টগ্রাম
২) উপজেলা নির্বাহী অফিসার, রাউজান, চট্টগ্রাম
৩) উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, চট্টগ্রাম

১৮/০৭/২০২৩
(মোঃ মনির হোছাইন)
উপজেলা সমাজসেবা অফিসার
রাউজান, চট্টগ্রাম